

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
তদন্ত ও শৃঙ্খলা শাখা
www.mopme.gov.bd

স্মারক নং-৩৮.০০.০০০০.০০৪.০০২.১৭-১৮৯

তারিখঃ ২৯ শ্রাবণ ১৪২৪
১৩ আগস্ট ২০১৭

আদেশ

যেহেতু, জনাব মোহাম্মদ ইকবাল উদ্দিন, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, সদর, গাজীপুর-এর বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) ও ৩ (ডি) অনুযায়ী অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে আপিল মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন; এবং

যেহেতু, তদন্ত প্রতিবেদন, বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব শুনানীতে প্রদত্ত তথ্য প্রমাণাদি এবং বিভাগীয় মামলার রেকর্ডপত্র পর্যালোচনায় তাকে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল)বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(এ) উপবিধি মোতাবেক “তিরস্কার”(Censure) দন্ড প্রদান করা হয়; এবং

যেহেতু তিনি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সচিব মহোদয়ের বরাবর আপিল আবেদন করেন এবং তার আপিল শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তদন্ত প্রতিবেদন, বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব শুনানীতে প্রদত্ত তথ্য প্রমাণাদি এবং বিভাগীয় মামলার রেকর্ডপত্র পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত ১০০০/- (এক হাজার) টাকা ঘুষ গ্রহণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় ২০/১১/২০১৬ তারিখের ৩৮.১০৫.০২৭.০৩.০৭.১৮১.২০১৬-৪২১ স্মারকের প্রজ্ঞাপনে তার উপর আরোপিত “তিরস্কার” দন্ড প্রত্যাহার করার সিদ্ধান্ত গৃহীত হয়; এবং

সেহেতু, জনাব মোহাম্মদ ইকবাল উদ্দিন, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, সদর, গাজীপুর-কে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২)(এ) মোতাবেক বিভাগীয় মামলায় “তিরস্কার” দন্ড হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/-
(মোহাম্মদ আসিফ-উজ-জামান)
সচিব

স্মারক নং-৩৮.০০.০০০০.০০৪.০০২.১৭-১৮৯

তারিখঃ ২৯ শ্রাবণ ১৪২৪
১৩ আগস্ট ২০১৭

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ২। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। বিভাগীয় উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, গাজীপুর।
- ৭। জনাব মোহাম্মদ ইকবাল উদ্দিন, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, সদর, গাজীপুর-এর
- ৮। অফিস কপি।

(সুলতানা রাজিয়া)
সিনিয়র সহকারী সচিব (তঃশৃঃ)
ফোন-৯৫৭৬৬৯১